# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 14-03-2026 Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বর্ষীয়ান বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় আসছেন। সফরকালে তিনি ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।
ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে বিজেপি-র পরিবর্তন যাত্রার সমাপ্তি উপলক্ষে এক জনসভাতেও ভাষণ দেবেন নরেন্দ্র মোদী। এই সভাকে ঘিরে ব্যাপক তোড়জোড় চলেছে।

২) প্রধানমন্ত্রী গতকাল অসমের গুয়াহাটিতে এক অনুষ্ঠানে পি এম কিষাণ প্রকল্পের আওতায় অর্থ প্রদানের পাশাপাশি নুমালিগড় – শিলিগুড়ি তেলের পাইপ লাইনে দক্ষতা বৃদ্ধি প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেন, যাত্রা শুরুর সংকেত দেন গুয়াহাটি- নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস ট্রেনেরও।

৩) বিজেপি রাষ্ট্রপতিকে অবমাননার জন্য রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজি-র বিরুদ্ধে ব্যবস্থা নিতে রাজ্যেপালের হস্তক্ষেপ দাবি করেছে।

৪) সুপ্রিম কোর্টের নির্দেশ মতো রাজ্যে ভোটার তালিকায় এস আই আর-এর আওতায় বিচারাধীন নামের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা আগামী সপ্তাহে প্রকাশিত হতে পারে।

৫) জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজে জন্য দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত।

৬) আই এস এল ফুটবলে আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল – কেরালা ব্লাস্টার ও বেঙ্গালুরুতে মোহোনবাগান সুপার জায়েন্ট - বেঙ্গালুরু এফ সি মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বর্ষিয়ান বিজেপি নেতা , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় আসছেন।সফরকালে তিনি ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে আছে ১৬ হাজার ৯৯০ কোটি টাকা মূল্যের ৪২০ কিলোমিটারের'ও বেশী দৈর্ঘের বেশ কয়েকটি জাতীয় সড়ক প্রকল্প। এর আওতায় পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডে ১৯ নম্বর জাতীয় সড়ক এবং পশ্চিমবঙ্গে ১১৪ নম্বর জাতীয় সড়কের কিছু অংশ উদ্বোধন করা হবে। এর ফলে একদিকে যেমন সড়ক নিরাপত্তা বৃদ্ধি পাবে, অন্যদিকে যাতায়াতের সময়, যানজট এবং দূষণ ও কমবে।এতে পর্যটনের বিকাশ ঘটবে , আঞ্চলিক সংযোগ আরও উন্নত, এবং এই অঞ্চলের আর্থিক বৃদ্ধি ও ত্বরান্বিত হবে।

প্রধানমন্ত্রী কয়েকটি নতুন জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস ও করবেন। এর মধ্যে আছে ১১৬ র এ জাতীয় সড়কে ২৩১ কিলোমিটার দীর্ঘ চার লেনের খরগপুর – মোরগ্রাম অর্থনৈতিক করিডর । খরগপুর ও শিলিগুড়ির মধ্যে অর্থনৈতিক করিডরের অঙ্গ এই সড়ক প্রকল্প, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হুগলী, পূর্ব বর্ধমান , বীরভুম ও মুর্শিদাবাদ জেলার ওপর দিয়ে যাবে। এর ফলে খরগপুর ও মোরগ্রাম এর মধ্যে দূরত্ব ১২০ কিলোমিটারের মতো কমবে। যাতায়াতের সময় ও বাঁচবে ৭ থেকে ৮ ঘণ্টা। এই করিডর, জাতীয় সড়ক ১২,১৪, ১৬ ও ১৯ এর মধ্যে সমন্বয় সাধন করবে।

এ ছাড়াও শ্রী মোদী, ১৪ নম্বর জাতীয় সড়কের ওপরে প্রায় সাড়ে ৫ কিলোমিটার দীর্ঘ চার লেনের দুব্রাজপুর বাইপাস এর ও ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। এর ফলে দুব্রাজপুর শহরের যানজট হ্রাস করা এবং যাতায়াতের সময় ও প্রায় ১ ঘণ্টা কমানো

সম্ভব হবে। ১৪ নম্বর জাতীয় সড়কের কংসাবতি ও শিলাবতি নদীর ওপরে চার লেনের আরও সড়ক সেতু নির্মাণেরও শিলান্যাস করবেন তিনি।
শ্রী মোদী, জাহাজ ও বন্দর সংক্রান্ত কয়েকটি প্রকল্পের'ও উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এর মধ্যে আছে শ্যামা প্রসাদ মুখার্জী বন্দরের হলদিয়া ডক কমপ্লেক্সের ৫ নম্বর বার্থের আধুনিকীকরণ, কলকাতা ডকের বাস্কুল ব্রিজের সংস্কার, খিদিরপুর ১ ও ২ নম্বর ডকের নিকাশি ব্যাবস্থার উন্ননয়ন, হাওড়া ব্রিজ থেকে নিমতলা ঘাট পর্যন্ত নদী তীরের সুরক্ষা বৃদ্ধি, এবং কলকাতা ডকের স্মারক কমপ্লেক্স এর কাছে একটি টার্মিনাল ভবন তৈরি।
এছাড়াও প্রধানমন্ত্রী পুরুলিয়া-আনন্দবিহার এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরুর সঙ্কেত দেবেন, 'অমৃত ভারত স্টেশন প্রকল্পে'র আওতায় পুনর্গঠিত ছ'টি স্টেশনের'ও উদ্বোধন করবেন তিনি।

এই স্টেশন গুলি হোল কামাখ্যাগুরি, আনারা, তমলুক, হলদিয়া, বরাভুম ও সিউরি।
পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী।

এর ফলে একদিকে যেমন ট্রেনের সুরক্ষা বৃদ্ধি পাবে অন্যদিকে সময় ও বাঁচবে।
সরকারের গৃহীত এই সব উদ্যোগ পরিকাঠাম উন্নয়ন, সংযোগ বৃদ্ধি ও অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করতে সহায়ক হবে।
সরকারি সূত্রে জানা গেছে ,আজ দুপুরে অসমের শিলচর থেকে কলকাতায় পৌঁছনোর পর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী, প্রশাসনিক সভার পাশাপাশি এক জনসভায় অংশ নেবেন।চলতি মাসের এক তারিখ থেকে বিজেপির যে পরিবর্তন যাত্রার কর্মসূচি শুরু হয়েছিল সেই কর্মসূচির সমাপ্তি উপলক্ষে ওই জনসভার আয়োজন।

জনসভা শেষে ব্রিগেড থেকে হেলিকপ্টারে কলকাতা বিমানবন্দরে পৌঁছে সেখান থেকেই দিল্লির উদ্দেশে রওনা দেবেন প্রধানমন্ত্রী। বিধানসভা নির্বাচনের আগে তাঁর এই সফর সম্পর্কে একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট - অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে প্রধানমন্ত্রীর এই ব্রিগেডের জনসভার জন্য ব্যাপক তোড়জোড় চলেছে। বিভিন্ন জেলা থেকে বিজেপি-র কর্মী সমর্থকেরা সভায় যোগদানের জন্য ইতিমধ্যেই আসতে শুরু করেছেন।

বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ও রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল ব্রিগেড ময়দানে সভাস্থল পরিদর্শন করেন।

ব্রিগেড ময়দানে আজ ঐতিহাসিক সমাবেশ হবে বলে সুকান্তবাবু দাবি করেছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বিধানসভা নির্বাচনের আগে কোনো রাজনৈতিক দল হিসেবে বিজেপি ই প্রথম ব্রিগেড ময়দানে সভা করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জনসভাকে কেন্দ্র করে শহরে ট্রাফিক নিয়ন্ত্রণ করা হচ্ছে। কলকাতা পুলিশের আওতাধীন সব থানা এলাকায় রাত আটটা পর্যন্ত যে কোন ধরনের পণ্যবাহী গাড়ি চলাচলের উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। তবে এলপিজি সিলিন্ডার , দুধ, ওষুধ, অক্সিজেন, সবজির মত অত্যাবশ্যক পণ্য এর আওতা থেকে ছাড় দেওয়া হয়েছে।

অন্যদিকে মধ্য কলকাতার ময়দান এলাকার কুইন্স ওয়ে, হসপিটাল রোড, লাভারস লেন এর মত রাস্তা দিয়ে যানবাহন চলাচলের ওপরে নিয়ন্ত্রণ জারি করা হবে বলেও কলকাতা পুলিশের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

oooooooooooooooooooo

কলকাতায় আজ  অতিরিক্ত ভিড়ের সম্ভাবনা এবং হাওড়া স্টেশনে সম্ভাব্য যানজটের প্রেক্ষিতে যেকোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে ও অবাধ যান চলাচল বজায় রাখতে পূর্ব রেলের হাওড়া ডিভিশন বিকেল ৩ টে থেকে রাত ১২ টা পর্যন্ত ওল্ড CAB রোড এবং নিউ CAB রোড বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

ওই সময় কোনো রকম যানবাহন চলাচল করতে পারবে না এবং ওল্ড CAB  , নিউ CAB উভয় রোডই ওই সময় হোল্ডিং এরিয়া হিসেবে কাজ করবে বলে রেল সূত্রের খবর।

ooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ে, আজ ভোররাতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ব্রিগেডের জনসভাতে যোগদান করতে যাবার জন্য তৈরি  একটি বাসে হামলা চালানো হয়.।বাসটিতে ভাঙচুর করে দুষ্কৃতীরা, ড্রাইভারকে বন্দুক দেখিয়ে ধমকায় বলেও অভিযোগ।

বিজেপির দাবি,  তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা এই হামলা চালিয়েছে।

এদিকে  ব্রিগেডে আসার পথে বেলদার  পাতলী থানা এলাকায় আজ ভোর সাড়ে পাঁচটা নাগাদ একটি বাসকে  আটকে  ভাঙ্গচুর করা হয় বলে অভিযোগ। বাসের চালক ও খালাশী  আহত হন। পুলিশ সূত্রে জানা গেছে,  বাসটি  আহার মুন্ডার দিকে যাচ্ছিলো। ঘটনাস্থলে পুলিশ আছে।অভিযুক্ত দের খোঁজে  তল্লাশী চালানো হচ্ছে।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদী  গতকাল পি এম কিষাণ প্রকল্পের আওতায় ৯ কোটি ৩২ লক্ষ কৃষককে ২২-তম কিস্তির অর্থ প্রদান করেন।  অসমের গুয়াহাটিতে  এই উপলক্ষে এক

অনুষ্ঠানে তিনি জোর দিয়ে বলেছেন, বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার কৃষকদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ।

উল্লেখ্য, পি এম কিষাণ প্রকল্পের আওতায় কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ২ হাজার টাকা করে পৌঁছে যাবে।

ওই অনুষ্ঠানে শ্রী মোদী, অয়েল ইন্ডিয়া লিমিটেডের নুমালিগড় – শিলিগুড়ি, প্রোডাক্ট পাইপলাইনের দক্ষতা বৃদ্ধি প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেন। এরফলে নুমালিগড় শোধনাগারে তেল উৎপাদন বছরে ৩ মিলিয়ান মেট্রিকটন থেকে বেড়ে দাঁড়াবে বার্ষিক ৯ মিলিয়ান মেট্রিক টন।

এর আগে প্রধানমন্ত্রী নতুন তিনটি ট্রেন এর যাত্রা শুরুর ও সংকেত দেন। এর মধ্যে আছে গুয়াহাটি- নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস ট্রেন , কামাক্ষা-চারলাপল্লী অমৃতভারত এক্সপ্রেস, এবং নারাঙ্গী আগরতলা এক্সপ্রেস।
তিনি বলেন, এই সব ট্রেন কৃষকদের তাঁদের পন্য আরও বড় বাজারে নিয়ে গিয়ে বিক্রি করার ক্ষেত্রে বিশেষ সহায়ক হবে।

(বাইট - অমৃত ভারত)

oooooooooooooooooooo

বিজেপি, রাষ্ট্রপতিকে অবমাননার জন্য রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছে । বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল লোকভবনে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবির সঙ্গে সাক্ষাৎ করে এই আর্জি জানান। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই ঘটনার জন্য মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজিকে পদ থেকে সরিয়ে দেওয়া উচিত। তাঁর অভিযোগ যে রাজ্যে রাষ্ট্রপতির প্রতি সামান্য প্রোটোকলও মানা হয় না,সেখানে কোন কিছুই হওয়ার নয়।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সফরে প্রোটোকল ভাঙার অভিযোগে, দার্জিলিং-এর জেলাশাসক মনীশ মিশ্র ও শিলিগুড়ি কমিশনারেটের সি সুধাকর-কে কেন্দ্র, ডেপুটেশনে চেয়ে পাঠালেও তা না পাঠিয়ে জেলাশাসক মনীশ মিশ্র কে বদলি করা হয়েছে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের বিশেষ সচিব পদে । দার্জিলিং-এর নতুন জেলাশাসক হলেন সুনীল আগরওয়াল। ১৯৯৪ ব্যাচের এই ডব্লুবিসিএস আধিকারিক এতদিন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের বিশেষ সচিব পদে ছিলেন।

নবান্ন সূত্রে খবর, তিনদিনের মধ্যে মনীশ মিশ্র এবং সি সুধাকর-কে দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে রিপোর্ট করতে বলা হয় ।

এদিকে বিধানসভা ভোটের আগে মুর্শিদাবাদের জেলাশাসক নীতিন সিংহানিয়াকেও বদলী করা হয়েছে। তার বদলে মুর্শিদাবাদের জেলাশাসক হলেন কে এম ডি এ'র সিইও সুরেন্দ্র কুমার মীনা।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশ মত রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী – এস আই আর এর আওতায় বিচারাধীন বা অ্যাডজুডিকেশন তালিকায় থাকা নামের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা আগামী সপ্তাহে প্রকাশ করা হতে পারে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, প্রাথমিক তালিকায় ৬০ লক্ষের বেশি ভোটারের নাম বিবেচনাধীন ছিল। এর মধ্যে প্রায় ১৫ লক্ষ ভোটারের নামের নিষ্পত্তি হয়েছে ইতিমধ্যেই।

সাপ্লিমেন্টারি তালিকায় যাঁদের নাম থাকবে না তাঁদের বিষয়টি সুপ্রিম কোর্টের নির্দেশে গঠিত ট্রাইবুনাল বিচার করবে।ট্রাইব্যুনাল গঠনের প্রক্রিয়াও শুরু হয়েছে। আগামী সপ্তাহের শেষের দিকেই ট্রাইব্যুনাল গুলি কাজ শুরু করতে পারে।

বাকি প্রায় ৩৫ লক্ষ ভোটারের নথিপত্র যাচাইয়ের কাজও দ্রুত এগোচ্ছে এবং শীঘ্রই তাদেরও নিষ্পত্তি করা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জরুরি রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ওইদিন সকাল ছটা থেকে সন্ধে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। ওই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন, বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে বারুইপুর ও ডায়মন্ড হারবার স্টেশনের মধ্যে লিমিটেড হাইট সাবওয়ে ( LHS) তৈরির কাজের জন্যে আজ ( 14.03.2026) রাত দশটা থেকে আগামীকাল ( 15.03.2026) সকাল ৭ টা পর্যন্ত মোট ৯ ঘণ্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ শিয়ালদা - ডায়মন্ড হারবার এর মধ্যে একটি আপ ও ২ টি ডাউন ট্রেন বাতিল থাকবে।

পাশাপাশি আগামী কাল ( 15.03.26) শিয়ালদা - ডায়মন্ড হারবার এর মধ্যে ৩ টি আপ, ও ২ টি ডাউন, সোনারপুর ও ডায়মন্ড হারবারের মধ্যে ডাউনে দুটি এবং ডায়মন্ড হারবার - বারুই পুর এবং ডায়মন্ড হারবার - বালিগঞ্জের মধ্যে আপে ১ টি করে ট্রেন বাতিল থাকবে। এছাড়া কিছু ট্রেনের যাত্রা পথ সংক্ষিপ্ত করা হবে বলে রেল সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল, কেরালা ব্লাস্টারসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ইস্টবেঙ্গল চার ম্যাচে সাত পয়েন্ট নিয়ে লিগ তালিকার চতুর্থ স্থানে আছে।অন্যদিকে কেরালা ব্ল্যাস্টারস চারটি ম্যাচেই পরাজিত হয়েছে।

মোহনবাগান সুপার জায়ান্ট বেঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে আর একটি ম্যাচে ,বেঙ্গালুরু এফ সি, র বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান টানা চার ম্যাচ জিতে ১২ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে রয়েছে। ষষ্ঠ স্থানে থাকা বেঙ্গালুরু চার ম্যাচে পয়েন্ট সাত।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo

ooooooooooooooooooo